



# রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ

রাজউক ভবন, ঢাকা।

সম্প্রসারিত উত্তরা (৩য় পর্ব) প্রকল্পের ১৮ নং সেক্টরে  
“এ” ক্যাটেগরীর ফ্ল্যাট বরাদ্দের

## প্রসপেক্টাস - ২০১২

ফ্ল্যাটের আয়তন - ১৬২০ বর্গফুট  
(নিট ১২৫০ বর্গফুট এবং কমনস্পেস ৩৭০ বর্গফুট)

Website: [www.rajukdhaka.gov.bd](http://www.rajukdhaka.gov.bd)

E-mail: [chairman@rajukdhaka.gov.bd](mailto:chairman@rajukdhaka.gov.bd)



## রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ

রাজউক ভবন, ঢাকা।

সম্প্রসারিত উত্তরা (৩য় পর্ব) প্রকল্পের ১৮ নং সেক্টরে “এ” ক্যাটেগরীর ফ্ল্যাট বরাদ্দের প্রসপেক্টাস - ২০১২

সরকারের নির্বাচনী প্রতিশ্রুতি তথা ষষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনার আলোকে নিম্ন ও মধ্যম আয়ের আবাসন সমস্যা নিরসনের লক্ষ্যে বহুতল এ্যাপার্টমেন্ট ভবন নির্মাণের পদক্ষেপ গ্রহণ করিয়াছে। এই অঙ্গীকার বাস্তবায়নের লক্ষ্যে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) উত্তরায় মনোরম পরিবেশে বহুতল আবাসিক ভবন নির্মাণের পদক্ষেপ গ্রহণ করিয়াছে। উত্তরা এ্যাপার্টমেন্ট প্রকল্পটি রাজউকের সম্প্রসারিত উত্তরা (৩য় পর্ব) প্রকল্পের ১৮ নং সেক্টরে অবস্থিত। উত্তরাস্থ ১৮ নং সেক্টরটি ০৩ (তিন)টি ব্লকে বিভক্ত। তন্মধ্যে “এ” ব্লকে ১২৫০ বর্গফুট নিট আয়তনের মোট ৬,৬০০টি ফ্ল্যাট নির্মিত হইবে। সমগ্র প্রকল্প এলাকাটি উন্নত নাগরিক সুবিধাসহ পরিবেশবান্ধব ও মনোরম সবুজ বেষ্টিত গড়ে তোলা হইবে এবং প্রতিটি ভবনের স্থাপত্যশৈলীতে আধুনিকতার ছাপ থাকিবে। প্রকল্পটির ভবনসমূহ দেশী-বিদেশী অভিজ্ঞ স্থপতি ও প্রকৌশলীদের যৌথ তত্ত্বাবধানে নির্মিত হইতেছে।

### ক. আবেদনপত্র দাখিল সংক্রান্ত তথ্যাবলী:

#### ১.০ আবেদনকারীদের যোগ্যতা

ক. আহ্রহী বাংলাদেশী নাগরিকগণ নিম্নবর্ণিত ১৮ (আঠার)টি ক্যাটেগরীতে আবেদন করিতে পারিবেন।

১. মুক্তিযোদ্ধা
২. সাংবাদিক
৩. সরকারী চাকুরিজীবী
৪. স্বায়ত্বশাসিত সংস্থায় চাকুরিজীবী
৫. সশস্ত্রবাহিনী
৬. ব্যবসায়ী ও শিল্পপতি
৭. বেসরকারী চাকুরিজীবী
৮. বেসরকারী শিক্ষক
৯. শিল্পী/সাহিত্যিক ও ক্রীড়া ব্যক্তিত্ব
১০. বৈদেশিক মুদ্রা অর্জনকারী
১১. আইনজীবী
১২. বেসরকারী কৃষিবিদ
১৩. বেসরকারী প্রকৌশলী/ স্থপতি/পরিকল্পনাবিদ
১৪. বেসরকারী চিকিৎসক
১৫. ক্ষতিগ্রস্ত
১৬. অন্যান্য
১৭. প্রতিবন্ধী
১৮. অবশিষ্ট (যারা ১৭টি ক্যাটেগরীর কোনটির আওতায় আসবেন না (যেমন: অবসরপ্রাপ্ত সরকারী, বেসরকারী ও স্বায়ত্বশাসিত সংস্থার কর্মকর্তা/কর্মচারী, সাধারণ নাগরিক, গৃহিনী/শেয়ার বাজারে বিনিয়োগকারী) তাঁরা এ ক্যাটেগরীতে আবেদন করিতে পারিবেন। তবে শর্ত থাকে যে, প্রত্যেকেরই নিজস্ব আয় থাকিতে হইবে।

খ. আবেদনকারীর বয়স অবশ্যই ০১লা মার্চ, ২০১২ তারিখে ন্যূনতম ২৫ (পঁচিশ) বৎসর হইতে হইবে। আবেদনকারীর অবশ্যই নিজস্ব আয় থাকিতে হইবে এবং ইহার সমর্থনে প্রমাণক দাখিল করিতে হইবে।

গ. মুক্তিযোদ্ধা ক্যাটেগরীতে আবেদনকারীগণ নিম্নলিখিত যেকোন একটি সাব-ক্যাটেগরীতে আবেদন করিতে পারিবেন এবং আবেদন ফরমে মুক্তিযোদ্ধার সাব-ক্যাটেগরী উল্লেখ করিতে হইবে।

১. খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা: তিনি, তাহার অবর্তমানে তাহার বিধবা স্ত্রী এবং স্ত্রীর অবর্তমানে পুত্র-কন্যা এবং পুত্র-কন্যার অবর্তমানে পুত্র-কন্যার পুত্র-কন্যা।
২. শহীদ মুক্তিযোদ্ধা: তাহার বিধবা স্ত্রী, স্ত্রীর অবর্তমানে পুত্র-কন্যা এবং পুত্র-কন্যার অবর্তমানে পুত্র-কন্যার পুত্র-কন্যা।
৩. যুদ্ধাহত মুক্তিযোদ্ধা: তিনি, তাহার অবর্তমানে তাহার বিধবা স্ত্রী এবং স্ত্রীর অবর্তমানে পুত্র-কন্যা এবং পুত্র-কন্যার অবর্তমানে পুত্র-কন্যার পুত্র-কন্যা।

৪. মুক্তিযোদ্ধা: তিনি, তাহার অবর্তমানে তাহার বিধবা স্ত্রী এবং স্ত্রীর অবর্তমানে পুত্র-কন্যা এবং পুত্র-কন্যার অবর্তমানে পুত্র-কন্যার পুত্র-কন্যা।

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় জারীকৃত বিধি-বিধানের আলোকে আবেদনকারীদের যথাযথ ক্যাটেগরীতে প্রত্যায়িত হইতে হইবে এবং মুক্তিযোদ্ধাদের সকল ক্যাটেগরীর উত্তরাধিকারীগণ যৌথভাবে/এককভাবে একটি ফ্ল্যাটের জন্য আবেদন করিতে পারিবেন। তবে একটি মুক্তিযোদ্ধা পরিবার একের অধিক ফ্ল্যাট বরাদ্দ পাইবেন না।

- ঘ. ৭ম ওয়েজ বোর্ডের আওতাভুক্ত ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতাসম্পন্ন সাংবাদিকগণ এবং ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতাসম্পন্ন অন্যান্য ক্ষেত্রের সাংবাদিকগণও সাংবাদিক ক্যাটেগরীতে আবেদন করিতে পারিবেন।
- ঙ. ব্যবসায়ী/শিল্পপতিদের ক্ষেত্রে সংশ্লিষ্ট এলাকার উপযুক্ত কর্তৃপক্ষের ট্রেড লাইসেন্সধারী ব্যবসায়ীগণ আবেদন করিতে পারিবেন। এক্ষেত্রে আবেদনকারীদের ২০১০-২০১১ ও ২০১১-২০১২ কর বৎসরের আয়কর প্রদানের টাকার পরিমাণ উল্লেখসহ আয়কর সনদ দাখিল করিতে হইবে।
- চ. বেসরকারী শিক্ষক ক্যাটেগরীর ক্ষেত্রে শুধুমাত্র বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে (এম.পি.ও ভুক্ত/NTRCA কর্তৃক নিবন্ধিত) কর্মরত শিক্ষক/শিক্ষিকাগণ আবেদন করিতে পারিবেন।
- ছ. রাজউকের পূর্বাচল ও ঝিলমিল প্রকল্পের ক্ষতিগ্রস্ত ব্যতীত (যেহেতু উক্ত দুইটি প্রকল্পে ফ্ল্যাট নির্মাণ প্রকল্প রহিয়াছে) রাজউকের অন্যান্য প্রকল্পসহ রাজউকের আওতাধীন সরকারী যে কোন উন্নয়ন প্রকল্পে ক্ষতিগ্রস্ত ব্যক্তির, যাহারা ইতোপূর্বে রাজউকের আওতাধীন এলাকায় কোন প্লট বা ফ্ল্যাট বরাদ্দ পাননি, তাহারা ক্ষতিগ্রস্ত হিসাবে ফ্ল্যাটের জন্য আবেদন করিতে পারিবেন।
- জ. অবসর-উত্তর ছুটিভোগরত (পি.আর.এল) সরকারী, স্বায়ত্বশাসিত সংস্থা ও সশস্ত্রবাহিনীর চাকুরিজীবী কর্মকর্তা/ কর্মচারীগণ চাকুরিরত বলিয়া গণ্য হইবেন। এক্ষেত্রে তারা সরকারী চাকুরিজীবী/স্বায়ত্বশাসিত সংস্থায় চাকুরিজীবী/ সশস্ত্রবাহিনী ক্যাটেগরীতে অন্তর্ভুক্ত হইবেন।
- ঝ. ফৌজদারী/বিভাগীয় মামলায় সাজাপ্রাপ্ত ব্যক্তি আবেদন করার যোগ্য বিবেচিত হইবেন না।

১.২ রাজউকের আওতাধীন পরিকল্পিত প্রকল্প এলাকার মধ্যে যদি কাহারো নিজ নামে বাড়ি/ফ্ল্যাট/প্লট/জমি থাকে তবে তিনি আবেদন করার যোগ্য বিবেচিত হইবেন না। যদি কোন আবেদনকারী উক্ত শর্ত ভঙ্গ করিয়া আবেদনপত্রে উল্লেখিত যে কোন ক্যাটেগরীতে আবেদন করিয়া থাকেন তবে তাহার আবেদনপত্র বাতিল করা হইবে এবং দরখাস্তের সহিত প্রদত্ত জামানতের অর্থ বাজেয়াপ্ত করা হইবে এবং পাশাপাশি দেওয়ানী ও ফৌজদারী আইনের অধীনে অন্যান্য কার্যক্রম গ্রহণ করা হইবে। এমনকি ফ্ল্যাট বরাদ্দের পরও শর্ত ভঙ্গের প্রমাণ পাওয়া গেলে বরাদ্দ পত্র বাতিল করিয়া রাজউকের অনুকূলে জমাকৃত সমুদয় অর্থ বাজেয়াপ্ত করা হইবে এবং পাশাপাশি দেওয়ানী ও ফৌজদারী আইনের অধীনে অন্যান্য কার্যক্রম গ্রহণ করা হইবে।

## ২.০ প্রসপেক্টাস ও আবেদনপত্র ক্রয় ও দাখিল

- ক. রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের সম্প্রসারিত উত্তরা (৩য় পর্ব) প্রকল্পের ১৮ নং সেক্টরের অত্যাধুনিক সুবিধা সমৃদ্ধ কম-বেশী প্রতিটি ১৬২০ বর্গফুট (নিট ১২৫০ বর্গফুট এবং কমনস্পেস ৩৭০ বর্গফুট) আয়তনের ৬৬০০টি “এ” ক্যাটেগরীর ফ্ল্যাট বরাদ্দের জন্য আগ্রহী বাংলাদেশী নাগরিকগণকে রাজউকের নির্ধারিত আবেদন ফরম আগামী ৩০.০৪.২০১২খ্রিঃ তারিখের মধ্যে ব্যাংক চলাকালীন নির্ধারিত সময়ে আবেদনপত্র জমা প্রদান করিতে হইবে। উল্লেখ্য, যে ব্যাংক হইতে আবেদনপত্র সংগ্রহ করা হইবে সেই ব্যাংকেই জমা প্রদান করা যাইবে।
- খ. রাজউক ভবনস্থ সোনালী/জনতা/অগ্রনী ব্যাংক লিমিটেড কর্পোরেট শাখা, জনতা ব্যাংক লিমিটেড, উত্তরা মডেল টাউন কর্পোরেট শাখা/মহাখালী/রমনা কর্পোরেট শাখা, ঢাকা হইতে নগদ টাঃ ১,০০০/- (এক হাজার) মাত্র (অফেরতযোগ্য) প্রদান করিয়া ০১.০৩.২০১২খ্রিঃ তারিখ হইতে আবেদনপত্রের ফরম ও প্রসপেক্টাস সংগ্রহ করা যাইবে।
- গ. রাজউক ওয়েবসাইট ([www.rajukdhaka.gov.bd](http://www.rajukdhaka.gov.bd)) হইতে আবেদনপত্রের ফরম ও প্রসপেক্টাস ডাউনলোড করিয়া প্রসপেক্টাসে বর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে নির্ধারিত সময়ের মধ্যে জামানতের অর্থ “চেয়ারম্যান, রাজউক-উত্তরা এ্যাপার্টমেন্ট প্রজেক্ট” এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে ২(খ) নং অনুচ্ছেদে বর্ণিত ব্যাংকের শাখা সমূহে আবেদনপত্র জমা প্রদান করা যাইবে। তবে আবেদনপত্র ও প্রসপেক্টাস বাবদ নগদ টাঃ ১,০০০/- (এক হাজার) মাত্র (অফেরতযোগ্য) আবেদনপত্র জমাদান কালে সংশ্লিষ্ট ব্যাংকে জমা প্রদান করিতে হইবে।
- ঘ. বিদেশে অবস্থানরত বাংলাদেশী নাগরিকগণ রাজউক ওয়েবসাইট ([www.rajukdhaka.gov.bd](http://www.rajukdhaka.gov.bd)) হইতে আবেদনপত্রের ফরম ও প্রসপেক্টাস ডাউনলোড করিয়া প্রসপেক্টাসে বর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে “চেয়ারম্যান, রাজউক-উত্তরা এ্যাপার্টমেন্ট প্রজেক্ট” এর বরাবর নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র প্রেরণ করিতে পারিবেন। তবে আবেদনপত্র ও প্রসপেক্টাস বাবদ \$ 20/- মার্কিন ডলার (অফেরতযোগ্য) জামানতের সঙ্গে জমা প্রদান করিতে হইবে।

- ২.২ ক. আবেদনকারীকে অবশ্যই কোন প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট/নোটারী পাবলিক/বিদেশে অবস্থানরত আবেদনকারীর ক্ষেত্রে বাংলাদেশ দূতাবাসের (ঐ দেশে বাংলাদেশ মিশন না থাকিলে, পার্শ্ববর্তী দেশের বাংলাদেশ মিশনের) দ্বিতীয় সচিবের পদমর্যাদার নিম্নে নয় এমন কর্মকর্তার নিকট হইতে নমুনা মোতাবেক হলফনামা সম্পাদন করিতে হইবে।
- খ. আবেদনকারীগণকে জামানত হিসাবে নিম্নবর্ণিত পরিমানের অর্থ “চেয়ারম্যান, রাজউক-উত্তরা এ্যাপার্টমেন্ট প্রজেক্ট” এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে জমা দিতে হইবে। উল্লেখ্য, ঢাকা সিটি কর্পোরেশনের অধিভুক্ত অধিবাসীদের ক্ষেত্রে জামানতের অর্থ পে-অর্ডারের মাধ্যমে এবং উক্ত এলাকার বাহিরের অধিবাসীদের ক্ষেত্রে ডি.ডি-এর মাধ্যমে নির্ধারিত ব্যাংকে জমা দিতে হইবে।

ফ্ল্যাটের আয়তন (বর্গফুট)	বাংলাদেশে বসবাসরত আবেদনকারীদের ক্ষেত্রে জামানত	বিদেশে বসবাসরত বাংলাদেশী নাগরিকগণের ক্ষেত্রে জামানত (ইউ এস ডলার)
১৬২০ বর্গফুট	টাকা ৩,০০,০০০/- (তিন লক্ষ) মাত্র	মার্কিন ডলার ৩,৬৫০ (তিন হাজার ছয়শত পঞ্চাশ) মাত্র

**উল্লেখ্য, বিদেশে বসবাসরত বাংলাদেশী নাগরিকগণের ক্ষেত্রেঃ**

- জামানতের অর্থ সম্প্রসারিত উত্তরা ওয় পর্ব প্রকল্পের ১৮ নং সেক্টরের ফ্ল্যাট বরাদ্দের ক্ষেত্রে “চেয়ারম্যান, রাজউক-উত্তরা এ্যাপার্টমেন্ট প্রজেক্ট” এর অনুকূলে এফ.ডি.ডি/টি.টি এর মাধ্যমে Sonali Bank Limited, Wage Earner Corp. Branch, Dhaka রাজউকের FC Account NO. 216869 এবং Janata Bank Limited, Foreign Exchange Corp. Branch, Dhaka রাজউকের FC Account - 42071254 এবং Agrani Bank Limited, Foreign Exchange Corporate Branch, 1/B, Rajuk Avenue, Motijheel C/A, Dhaka. FCAD Account No-004 তে প্রেরণ করিতে হইবে।
- নমুনা মোতাবেক হলফনামা, আবেদনকারীর ছবি ও পাসপোর্টের কপি সংশ্লিষ্ট দেশে অবস্থিত বাংলাদেশ হাইকমিশন/দূতাবাস অথবা নোটারী পাবলিক দ্বারা সম্পাদন/সত্যায়িত করা যাইবে। সে ক্ষেত্রে টাঃ ১৫০/- (টাকা একশত পঞ্চাশ) মাত্র মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প প্রযোজ্য হইবে না।
- প্রবাসী আবেদনকারীগণ প্রয়োজনে সংযুক্ত হলফনামা ইংরেজীতে অনুবাদ করে নোটারী পাবলিক বা বাংলাদেশী দূতাবাস কর্তৃক সত্যায়ন করে পাঠাইতে পারিবেন তবে এ ক্ষেত্রে আবেদনকারী রাজউক হইতে সরবরাহকৃত বাংলা হলফনামা স্বাক্ষর করেছেন মর্মে গণ্য করা হইবে।
- বর্তমানে যাহারা স্বল্প সময়ের জন্য দেশে অবস্থান করিতেছেন তাহারা নিজস্ব এফ.সি একাউন্ট হইতে নির্ধারিত ডলার প্রদানপূর্বক আবেদন করিতে পারিবেন। সেক্ষেত্রে টাঃ ১৫০/- (একশত পঞ্চাশ) মাত্র মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প নমুনা মোতাবেক হলফনামা ও পাসপোর্টের সত্যায়িত কপি দাখিল করিতে হইবে।

**৩.০ আবেদনকারীগণকে নিম্নে বর্ণিত কাগজপত্রাদি মূল আবেদনপত্রের সহিত দাখিল করিতে হইবে।**

- আবেদনপত্র ও প্রসপেক্টাস ক্রয়ের মূল ব্যাংক রশিদ এবং জমাকৃত জামানতের মূল ব্যাংক রশিদ।
- আবেদনকারীর সম্প্রতি তোলা ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
- আবেদনকারীর বয়স এবং নাগরিকত্ব প্রমাণের জন্য ভোটার আইডি কার্ডের সত্যায়িত প্রতিলিপি। ভোটার আইডি কার্ড যদি না থাকে তাহলে বয়স প্রমাণের জন্য এস.এস.সি বা সমমানের পরীক্ষার সনদপত্র/ জন্ম সনদপত্র/পৌরসভার চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সনদপত্রের এবং নাগরিকত্ব প্রমাণের জন্য পাসপোর্ট বা পৌরসভার চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সনদপত্রের মূল/সত্যায়িত প্রতিলিপি।
- সংশ্লিষ্ট আয়কর অফিস হইতে ইস্যুকৃত ২০১০-২০১১/২০১১-২০১২ কর বৎসরের আয়কর সনদপত্র। (ক্ষতিগ্রস্ত, মুক্তিযোদ্ধা ক্যাটেগরী এবং জাতীয় বেতন স্কেল, ২০০৯এর স্কেল ১০ম হইতে নিম্নে স্কেলের সরকারী চাকুরিজীবী/ স্বায়ত্বশাসিত সংস্থায় চাকুরিজীবী/সশস্ত্রবাহিনী/শিল্পী. সাহিত্যিক ও ক্রীড়া ব্যক্তিত্ব ক্যাটেগরীদের ক্ষেত্রে টি.আই.এন নম্বর (আয়কর সনদপত্র) দাখিলের শর্ত শিথিলযোগ্য)।
- সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত এবং বেসরকারী চাকুরিজীবীদের ক্ষেত্রে তাঁর নিয়ন্ত্রনকারী কর্মকর্তা কর্তৃক আবেদনকারীর পরিচিতি (নাম, পদবী, জন্ম তারিখ, চাকুরীতে যোগদানের তারিখ ও চাকুরীর মেয়াদ, আবেদনের তারিখে বেতনের স্কেল ও মাসিক বেতন উল্লেখপূর্বক ইত্যাদি) সনদপত্র।
- মুক্তিযোদ্ধাদের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদপত্রের সত্যায়িত প্রতিলিপি।
- ক্ষতিগ্রস্ত ক্যাটেগরীতে আবেদনকারীগণ আবেদনপত্রের সাথে ক্ষতিগ্রস্ত হওয়ার সমর্থনে এওয়ার্ড লিস্টের সার্টিফাইড মূল কপি সংযুক্ত করতঃ আবেদনপত্র দাখিল করিতে হইবে।
- ব্যবসায়ী/শিল্পপতিদের ক্ষেত্রে সংশ্লিষ্ট এলাকার উপযুক্ত কর্তৃপক্ষের ট্রেড লাইসেন্স সনদপত্রের সত্যায়িত কপি। তবে আবেদনকারীদের পূর্ববর্তী ০২ (দুই) বছরের (২০১০-২০১১ ও ২০১১-২০১২ কর বৎসরের) আয়কর প্রদানের টাকার পরিমাণসহ সনদপত্র দাখিল করিতে হইবে।
- প্রতিবন্ধী ক্যাটেগরীতে আবেদনকারীগণকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রতিবন্ধী সনদপত্র দাখিল করিতে হইবে।
- টাঃ ১৫০/- (একশত পঞ্চাশ) মাত্র মূল্যের নন জুডিশিয়াল স্ট্যাম্প নমুনা মোতাবেক হলফনামা।

- খ. ১. সাংবাদিক ক্যাটেগরীর ক্ষেত্রে ৭ম ওয়েজবোর্ডভুক্ত সাংবাদিকগণ উক্ত ওয়েজবোর্ডে আওতাভুক্ত ও ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতার প্রমানপত্র এবং অন্যান্য সাংবাদিকগণও ন্যূনতম ০৫(পাঁচ) বছরের অভিজ্ঞতার প্রমানপত্র অবশ্যই দাখিল করিতে হইবে।
২. আইনজীবীগণ বাংলাদেশ বার কাউন্সিল এর নিবন্ধনের সনদপত্রের সত্যায়িত প্রতিলিপি অবশ্যই দাখিল করিতে হইবে।
৩. বেসরকারী কৃষিবিদগণ বাংলাদেশ কৃষি ইনস্টিটিউট এর নিবন্ধনের সনদপত্রের সত্যায়িত প্রতিলিপি অবশ্যই দাখিল করিতে হইবে।
৪. বেসরকারী চিকিৎসকগণ বিএমডিসি বাংলাদেশ এর নিবন্ধনের সনদপত্রের সত্যায়িত প্রতিলিপি অবশ্যই দাখিল করিতে হইবে।
৫. বেসরকারী প্রকৌশলীগণ ইঞ্জিনিয়ারস ইনস্টিটিউশন, বাংলাদেশ (আই.ই.বি) এর নিবন্ধনের সনদপত্রের সত্যায়িত প্রতিলিপি অবশ্যই দাখিল করিতে হইবে।
৬. বেসরকারী স্থপতিগণ ইনস্টিটিউট অব আর্কিটেক্ট এর নিবন্ধনের সনদপত্রের সত্যায়িত প্রতিলিপি অবশ্যই দাখিল করিতে হইবে।
৭. বেসরকারী পরিকল্পনাবিদগণ বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার এর নিবন্ধনের সনদপত্রের সত্যায়িত প্রতিলিপি অবশ্যই দাখিল করিতে হইবে।
৮. অবসর-উত্তর ছুটিভোগরত (পি.আর.এল) এবং অবসরপ্রাপ্ত সরকারী, স্বায়ত্বশাসিত সংস্থা ও সশস্ত্রবাহিনীর চাকুরিজীবী কর্মকর্তা/কর্মচারী তাহাদের সর্বশেষ পদের নাম, বেতন স্কেল ও গ্রেড, চাকুরীতে যোগদান ও অবসরের তারিখ এবং মোট চাকুরির মেয়াদ উল্লেখপূর্বক সনদপত্র অবশ্যই দাখিল করিতে হইবে।

#### ৪.০ আবেদনপত্র দাখিল সংক্রান্ত অন্যান্য প্রাসঙ্গিক বিষয়াবলী

যে সকল আবেদনকারী ইতোপূর্বে ক্ষতিগ্রস্ত ক্যাটেগরীতে প্লট বরাদ্দের জন্য আবেদন করিয়া প্লট বরাদ্দ প্রাপ্ত হননি তাহাদেরকে নতুনভাবে আবেদন করিতে হইবে।

- ৪.২ ক. আবেদনকারীগণ আবেদনপত্রের ১০ নং ক্রমিকের কেবলমাত্র একটি বক্সে স্বাক্ষর করিতে হইবে। একাধিক বক্সে স্বাক্ষর করা হইলে আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।
- খ. যে সকল আবেদনকারী ফ্ল্যাট বরাদ্দের জন্য প্রণীত নীতিমালা অনুযায়ী ফ্ল্যাট বরাদ্দের জন্য বিবেচিত হইবেন না তাহাদের জামানতের টাকা তাহাদের নিজ নামে কোন ব্যাংক একাউন্টের মাধ্যমে ফেরত নিতে চান তাহা অবশ্যই আবেদনপত্রের আইটেম নং- ০৬ এ উল্লিখিত ব্যাংক হিসাব, ব্যাংকের নাম, ব্যাংকের শাখা, Swift Code NO. (যদি থাকে), Routing NO. (যদি থাকে) অবশ্যই পূরণ করিতে হইবে (যেসকল আবেদনকারী লটারীতে ফ্ল্যাট বরাদ্দের জন্য নির্বাচিত হইবেন না তাহাদের জামানতের অর্থ ফেরত প্রদানের ক্ষেত্রে প্রযোজ্য হইবে)। তবে উক্ত টাকার উপর কোন সুদ/মুনাফা প্রদান করা হইবে না।
- ৪.৩ ক. ১. বরাদ্দ প্রাপকগণ রাজউকের অন্য কোন প্রকল্পের ক্ষেত্রে প্রযোজ্য কোন শর্ত/সুবিধাকে এ প্রকল্পের ক্ষেত্রে প্রযোজ্য বলিয়া দাবি করিতে পারিবেন না।
২. রাজউক যে কোন সময় প্রসপেক্টাসের বিদ্যমান অনুচ্ছেদ, উপ-অনুচ্ছেদ পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধন এবং নতুন অনুচ্ছেদ, উপ-অনুচ্ছেদ সংযোজন করার ক্ষমতা সংরক্ষণ করিবে।
৩. এই প্রসপেক্টাসে বিবৃত যে কোন শর্ত সম্পর্কে রাজউকের ব্যাখ্যা চূড়ান্ত মর্মে বিবেচিত হইবে এবং তা সংশ্লিষ্ট সকলের ওপর সমভাবে প্রযোজ্য হইবে।
৪. প্রয়োজনে নতুন কোন শর্ত বরাদ্দপত্রে উল্লেখ করা যাইতে পারে।
৫. রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ কিংবা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবে।
- খ. ১. আবাসিক হিসেবে বরাদ্দকৃত ফ্ল্যাটের শ্রেণী কোন অবস্থাতেই অ-আবাসিক, বাণিজ্যিক কিংবা শিল্প প্রতিষ্ঠানের উদ্দেশ্যে ব্যবহার করা যাইবেনা।
২. ফ্ল্যাট হস্তান্তরের ক্ষেত্রে কর্তৃপক্ষের পূর্বানুমতি গ্রহণ করিতে হইবে।
৩. অসম্পূর্ণ, ভুল কিংবা মিথ্যা তথ্য সম্বলিত আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে। সত্য গোপন করিলে বা ভুল তথ্য পরিবেশন করিয়া বা হলফনামায় মিথ্যা বিবৃতি প্রদান করিয়া ফ্ল্যাট বরাদ্দ প্রাপ্ত হইলে তাহার বরাদ্দ বাতিলপূর্বক জামানতের টাকা/ডলার বাজেয়াপ্তসহ প্রচলিত আইনমতে ব্যবস্থা গ্রহণ করা হইবে।
- গ. ১. বৈধ বলে বিবেচিত কোন আবেদনকারীকে যদি কোন কারণে তার আবেদনপত্র অনুযায়ী প্রার্থিত সাইজের ফ্ল্যাট বরাদ্দ করা সম্ভব না হয় এবং তিনি যদি অন্য সাইজের ফ্ল্যাট বরাদ্দ গ্রহণে সম্মত থাকেন এবং ঐ সাইজের বরাদ্দযোগ্য ফ্ল্যাট থাকে তাহলে তাকে যথাসম্ভব উপযুক্ত সাইজের ফ্ল্যাট বরাদ্দ করা হইবে।
২. উচ্চতর আকারের ফ্ল্যাট বরাদ্দযোগ্য থাকিলে প্রাপ্ত ফ্ল্যাটের বরাদ্দ প্রাপকগণকে ভবিষ্যতে তাদের ফ্ল্যাটের আকার বৃদ্ধির সুযোগ দেয়ার বিষয়টি রাজউক বিবেচনা করিতে পারিবে।

## খ. ফ্ল্যাটের মূল্য, কিস্তি পরিশোধ সংক্রান্ত এবং ফ্ল্যাটের অন্যান্য তথ্যাবলী:

### ৫.০ ভবনের আনুষঙ্গিক তথ্যাদি ও সুযোগ সুবিধা :

- ৫.১ সমগ্র প্রকল্প এলাকাটি একটি পরিবেশবান্ধব ও মনোরম সবুজ বেষ্টিত নির্মিত হইবে এবং প্রতিটি ভবনের স্থাপত্যশৈলীতে আধুনিকতার ছাপ থাকিবে।
- ৫.২ প্রতিটি ভবন একটি বেইজমেন্টসহ ১৬ (ষোল) তলা বিশিষ্ট RCC Frame Structure হিসাবে নির্মিত হইবে।
- ৫.৩ ভবনসমূহের স্থাপত্য নকশা সমূহ স্থাপত্য অধিদপ্তরের Professional Architects এবং কাঠামোগত নকশা সমূহ রাজউক ও গণপূর্ত অধিদপ্তরের Professional Structural Designer দ্বারা সম্পন্ন করা হয়েছে।
- ৫.৪ ভবনসমূহের কাঠামোগত নকশা ACI ও BNBC অনুযায়ী বাড় প্রতিরোধক ও ভূমিকম্প প্রতিরোধক হিসেবে প্রণীত হয়েছে।
- ৫.৫ ভবনসমূহে নির্মাণসামগ্রী যেমনঃ ডিফরমড বার, সিমেন্ট, ইট, বালু প্রভৃতি সর্বোচ্চ মানসম্মত হইবে।
- ৫.৬ এ্যাপার্টমেন্ট প্রকল্পটির ভবনসমূহ দেশী-বিদেশী অভিজ্ঞ স্থপতি ও প্রকৌশলীদের যৌথ তত্ত্বাবধানে নির্মিত হইতেছে।
- ৫.৭ ভবনসমূহ প্রধান ও মুখ্য বিষয়সমূহ :
  - ক. সুরক্ষিত ও আধুনিক মানের প্রবেশ-দ্বার নির্মাণ করা হইবে।
  - খ. ভবনসমূহের নিচতলায় মাল্টিপারপাস হল, গার্ডরুম, Reception Lobby, Driver's waiting room, টয়লেট ইত্যাদির সুব্যবস্থা সম্পন্ন।
  - গ. প্রতিটি ভবনে ০১ (এক)টি Main Staircase, ০২ (দুই)টি অগ্নিনির্বাপক Staircase ও ০২ (দুই)টি ১৮ (আঠারো) Passenger lift, Standby Generator ও Substation থাকিবে।
  - ঘ. ভবনসমূহের প্রতিটি এ্যাপার্টমেন্টের মেঝে ১৬" X ১৬" 'Glazed Homogeneous Floor' টাইলস দ্বারা সম্পন্ন করা হইবে।
  - ঙ. প্রতিটি এ্যাপার্টমেন্টের Bathroom সমূহে উন্নতমানের Local Glazed Porcelain Commode, Glazed Porcelain Basin ইত্যাদি দ্বারা সুসজ্জিত থাকিবে।
  - চ. ভবনসমূহের Reception Lobby, Lift Lobby সমূহ ২'-০" X ২'-০" Mirror Polished টাইলস দ্বারা সম্পন্ন করা হইবে।
  - ছ. প্রতিটি এ্যাপার্টমেন্টের ভিতরের দেয়ালসমূহ Plastic Paint ও বহিঃপার্শ্বের দেয়ালসমূহ Weather Coat দিয়ে Paint করা হইবে।
  - জ. প্রতিটি এ্যাপার্টমেন্টের দরজাসমূহের Frame Teak-Chambol, প্রবেশপথের দরজা উন্নতমানের Chittagong Teak ব্যবহার করা হইবে।
  - ঝ. জানালাসমূহ উন্নতমানের থাই এলুমিনিয়াম স্লাইডিং ও টিনটেড গ্লাস দ্বারা আবৃত থাকিবে।
  - ঞ. রান্নাঘরের দেয়ালসমূহ Glazed Tiles দ্বারা আবৃত থাকবে। মেঝে থেকে নির্দিষ্ট উচ্চতায় কংক্রিট সেলফ Homogeneous Tiles দ্বারা আবৃত ও Stainless steel sink এর ব্যবস্থা থাকিবে।
  - ট. ভবনসমূহের প্রতিটি Apartment এ সর্বাধিক ৪.০০ কিলোওয়াট ২২০ ভোল্ট বিদ্যুৎ ব্যবহারের সুব্যবস্থা থাকবে। স্বতন্ত্র বৈদ্যুতিক মিটার, Concealed Conduit Electric Wiring, Earthing Connection, Concealed Telephone/Intercom/TV, Standby Generator (For emergency Light & Fan) এর সুব্যবস্থা থাকিবে।
  - ঠ. প্রতিটি ভবনে প্রচলিত নিয়ম অনুযায়ী অগ্নিনির্বাপক ব্যবস্থা থাকিবে।
  - ড. সরকারী বিধি বিধান ও নকশা অনুযায়ী প্রতিটি এ্যাপার্টমেন্টে পানি /বিদ্যুৎ/গ্যাস (যদি সরকার অনুমতি দেয়) এর Connection সুবিধা দেওয়া হইবে।

### ৬.০ ফ্ল্যাটের মূল্য এবং ফ্ল্যাটের দখল হস্তান্তর

- ক. কম-বেশী ১৬২০ বর্গফুট প্রতিটি (নিট ১২৫০ বর্গফুট এবং কমনস্পেস ৩৭০ বর্গফুট) ফ্ল্যাটের সাময়িক মূল্য প্রতি বর্গফুট টাঃ ৩,৫০০/- (তিন হাজার পাঁচশত) মাত্র হিসাবে (কারপাকিং ও ইউটিলিটি সংযোগ ব্যয় ব্যতীত) সর্বসাকুল্যে কম-বেশী টা ৫৬,৭০,০০০/- (ছাপান্ন লক্ষ সত্তর হাজার) মাত্র ধার্য করা হয়েছে। তবে নির্মাণকালে কোন কারণে (যেমনঃ নির্মাণ সামগ্রীর মূল্যসহ, বৈদেশিক মুদ্রার বিনিময় হার হ্রাস/বৃদ্ধি, সরকারকে প্রদেয় সকল প্রকার কর/VAT, কাজের পরিমাণ হ্রাস/বৃদ্ধি ইত্যাদি) ফ্ল্যাটের মূল্য হ্রাস/বৃদ্ধি হইলে পরিবর্তিত মূল্য পরবর্তীতে কিস্তির সঙ্গে সমন্বয় করা হইবে এবং এক্ষেত্রে বরাদ্দপ্রাপকগণ সংশোধিত মূল্য পরিশোধে বাধ্য থাকিবেন অন্যথায় বরাদ্দপত্র বাতিল হইবে এবং প্রদানকৃত সমুদয় টাকার শতকরা ৫% হারে কর্তন করিয়া অবশিষ্ট টাকা বিনাসুদে অনধিক তিন মাসের মধ্যে ফেরত প্রদান করা হইবে।

- খ. বরাদ্দ প্রাপকের নিকট হতে আইটেম নং: ৭ মোতাবেক কিস্তি পরিশোধের পর এবং নির্মাণ কাজ সম্পূর্ণরূপে সম্পন্ন হওয়ার পর বরাদ্দ প্রাপকের নিকট ফ্ল্যাটের দখল হস্তান্তর করা হইবে এবং সম্পূর্ণ কিস্তির টাকা পরিশোধের পর বরাদ্দ প্রাপক নিজ খরচে ইজারা দলিল (Lease Deed) সম্পাদন করিবেন। দখল হস্তান্তরের পর ফ্ল্যাটের রক্ষণাবেক্ষণের দায়-দায়িত্ব স্বয়ংক্রিয়ভাবে বরাদ্দ প্রাপকের উপর ন্যস্ত হইবে। ভবন ভিত্তিক অথবা এলাকা ভিত্তিক সমিতি গঠনের মাধ্যমে বরাদ্দ প্রাপকগণ কমন সার্ভিস যেমন, সাব-স্টেশন, লিফট, জেনারেটর, পানির পাম্প ইত্যাদির যাবতীয় রক্ষণাবেক্ষণের ব্যবস্থা করিবেন এবং সংশ্লিষ্ট আনুষঙ্গিক ব্যয় সমিতি কর্তৃক পরিচালিত হইবে। তবে শর্ত থাকিবে যে, এ ক্ষেত্রে রাজউক কর্তৃপক্ষের অনুমোদন অবশ্যই গ্রহণ করিতে হইবে।
- গ. প্রতিটি ফ্ল্যাটের জন্য একটি কার পার্কিং-এর ব্যবস্থা সংরক্ষণ করা আছে তবে গাড়ী পার্কিং এর জন্য অতিরিক্ত এককালীন টাঃ ৩,০০,০০০/- (টাকা তিন লক্ষ) মাত্র এবং বিভিন্ন ইউটিলিটি সংযোগের জন্য টাঃ ২,০০,০০০/- (টাকা দুই লক্ষ) মাত্র অতিরিক্ত এককালীন পরিশোধ করিতে হইবে। উল্লেখ্য, সকল ফ্ল্যাট বরাদ্দ প্রাপককে ইমারতের অভ্যন্তরে পার্কিং দেয়া সম্ভব নাও হইতে পারে। যদি কোন পার্কিং স্পেস বেশী/অবরাদ্দকৃত থাকে সেক্ষেত্রে উহা অন্য কোন ফ্ল্যাট বরাদ্দ প্রাপকের ও আবেদনের প্রেক্ষিতে নির্ধারিত মূল্য পরিশোধ সাপেক্ষে দ্বিতীয় পার্কিং স্পেস হিসাবে বরাদ্দ প্রদান করা হইতে পারে।
- ঘ. ফ্ল্যাটের আয়তন কম/বেশী হইলে আনুপাতিক হারে ফ্ল্যাটের মূল্য কম/বেশী হইতে পারে।
- ঙ. প্রকল্পের স্বার্থে যেকোন ধরনের মূল্য পরিবর্তন ও সমন্বয় করার ক্ষমতা রাজউক কর্তৃপক্ষ সংরক্ষণ করিবে।

## ৭.০ কিস্তি পরিশোধ

- ক. ফ্ল্যাটের জন্য নির্বাচিত হইলে মোট মূল্যের ৫০% সুদ বিহীনভাবে নির্মাণকালীন সময়ে ০৪ (চার) বৎসরে বার্ষিক ভিত্তিতে ০৪ (চার) কিস্তিতে ফ্ল্যাটের দখল গ্রহণের পূর্বেই পরিশোধ করিতে হইবে। বার্ষিক কিস্তিতে পরিশোধে ব্যর্থতার কারণে (পরবর্তী এক বছরের সময়ের মধ্যে) ১২% হারে বিলম্ব ফিসহ কিস্তির টাকা আদায় করা হইবে। তবে ০৩ (তিন) বৎসরের বেশী কিস্তি খেলাপী হইলে তাহাদের বরাদ্দপত্র বাতিল করা হইবে। অবশিষ্ট ৫০% সুদ বিহীনভাবে এককালীন পরিশোধে আগ্রহীগণ ৪র্থ কিস্তির সাথে প্রদান করিতে পারিবেন।
- খ. পজেশন হস্তান্তরের পর অবশিষ্ট ৫০% টাকা সর্বোচ্চ ০৪ (চার) বৎসরের বাৎসরিক কিস্তিতে ১২% কিস্তি সুবিধা ফিসহ পরিশোধ করিতে হইবে। নিদিষ্ট সময়সীমার মধ্যে বরাদ্দগ্রহীতা ফ্ল্যাটের বার্ষিক কিস্তির টাকা জমা দিতে ব্যর্থ হইলে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ এর পূর্ব অনুমতি সাপেক্ষে ০১ (এক) মাসের মধ্যে অতিরিক্ত ১২% বিলম্ব ফিসহ কিস্তির টাকা জমা দিতে পারিবেন। বর্ধিত সময়ের মধ্যেও কিস্তির টাকা জমা দিতে ব্যর্থ হইলে ফ্ল্যাটের বরাদ্দ বাতিল করা হবে এবং জমাকৃত টাকার ০৫% হারে কর্তন করে অবশিষ্ট টাকা এককালীন, অনধিক তিন মাসের মধ্যে আবেদনকারী বা উত্তরাধিকারীকে ফেরত প্রদান করা হইবে।
- গ. ফ্ল্যাটের জন্য বিদেশে অবস্থানরত বরাদ্দ প্রাপককে ফ্ল্যাটের মূল্যের ৫০% মার্কিন ডলারে “চেয়ারম্যান, রাজউক-উত্তরা এ্যাপার্টমেন্ট প্রজেক্ট” এর অনুকূলে এফ.ডি.ডি/টি.টি এর মাধ্যমে Sonali Bank Limited, Wage Earner Corp. Branch, Dhaka রাজউকের FC Account NO. 216869 এবং Janata Bank Limited, Foreign Exchange Corp. Branch, Dhaka রাজউকের FC Account - 42071254 এবং Agrani Bank Limited, Foreign Exchange Corporate Branch, 1/B, Rajuk Avenue, Motijheel C/A, Dhaka. FCAD Account No-004তে প্রেরণ করিতে হইবে।
- ঘ. বরাদ্দ প্রাপক ফ্ল্যাটের একাধিক কিস্তি একত্রে অথবা এককালীন পরিশোধ করিতে পারিবেন।
- ঙ. পজেশন হস্তান্তরের পর বিদেশে অবস্থানরত বাংলাদেশী আবেদনকারীগণের জন্য অবশিষ্ট ৫০% মূল্য এককালীন অথবা ০৪ (চার) বৎসরে বার্ষিক কিস্তিতে ১২% কিস্তি সুবিধা ফি সহ বৈদেশিক মুদ্রায় পরিশোধযোগ্য। বিস্তারিত পরিশোধ পদ্ধতি বরাদ্দপত্রের সাথে সরবরাহ করা হইবে। তবে ০৪ (চার) বছরের পূর্বে যদি কেউ বাংলাদেশে ফিরে আসেন তবে দেশে ফেরার পূর্বেই অবশিষ্ট সমুদয় অর্থ বৈদেশিক মুদ্রায় পরিশোধ করিতে হইবে। বিদেশে অবস্থানরত বাংলাদেশী নাগরিকগণ মার্কিন ডলারের মাধ্যমে ফ্ল্যাটের মূল্য পরিশোধ করিবেন।

## ৮.০ বরাদ্দপত্র বাতিলকরণ, উচ্ছেদকরণ/ফ্ল্যাটের বরাদ্দ হতে অব্যাহতি গ্রহণ

- ক. বরাদ্দপ্রাপ্ত ব্যক্তি ফ্ল্যাট বরাদ্দ পাইবার পর বরাদ্দপত্রের শর্ত লঙ্ঘন করিলে বরাদ্দপত্র বাতিল বলিয়া গণ্য হইবে এবং বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হইবে।
- খ. ফ্ল্যাট গ্রহীতা কর্তৃপক্ষের লিখিত পূর্ব অনুমোদন ব্যতীত ফ্ল্যাটের বন্ধক, লীজস্বত্ব হস্তান্তর, কোন দায় সৃজন, বায়না, পাওয়ার অব এ্যাটর্নী (আম-মোজারনামা) ইত্যাদি প্রদান করিতে পারিবেন না। এ শর্ত ভঙ্গের কারণে বরাদ্দপত্র বাতিল করা হইবে।

- গ. বরাদ্দকৃত ফ্ল্যাটের বিপরীতে পরিশোধযোগ্য সমুদয় টাকা পরিশোধের পূর্বে বরাদ্দ প্রাপক যদি রাজউক কর্তৃপক্ষের নিকট বরাদ্দকৃত ফ্ল্যাট সমর্পনের জন্য লিখিত আবেদন করেন, সেক্ষেত্রে হালনাগাদ জমাকৃত সমুদয় টাকা/ডলার (বিনা সুদে) ৫% হারে কর্তন করিয়া অনধিক ০৩ (তিন) মাসের বাকী অর্থ ফেরৎসহ ফ্ল্যাট সমর্পনের জন্য সম্মতি দেয়া হইবে।
- ঘ. বরাদ্দ প্রাপকের মৃত্যুজনিত কারণে বৈধ ওয়ারিশগণকে মৃত্যুর পরবর্তী এক বছর সময়সীমার মধ্যে রাজউক কর্তৃপক্ষ বরাবর আবেদন করিতে হইবে। অবশিষ্ট কিস্তির সমুদয় টাকা ওয়ারিশগণ সংশোধিত বরাদ্দপত্র গ্রহণ করিয়া নিয়মিতভাবে পরিশোধ করিতে বাধ্য থাকিবেন। মূল বরাদ্দ প্রাপকের উপর প্রযোজ্য সকল শর্তাবলী তাহার ওয়ারিশগণের উপরও বর্তাইবে। ওয়ারিশগণ টাকা পরিশোধে ব্যর্থ হইলে বরাদ্দপত্র বাতিল করিয়া জমাকৃত টাকার ০৫% হারে কর্তন করিয়া অনধিক ০৩ (তিন) মাসের বাকী টাকা ফেরৎ দেওয়া হইবে।

চেয়ারম্যান  
রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা



# নমুনা

টঃ ১৫০/- (একশত পঞ্চাশ) মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প

আবেদনকারীর পাসপোর্ট  
সাইজের সত্যায়িত ০১  
কপি সাম্প্রতিক ছবি

## হলফনামা

আমি জনাব/বেগম \_\_\_\_\_, পিতা \_\_\_\_\_, ঠিকানা  
(বর্তমান/স্থায়ী) \_\_\_\_\_, জাতীয়তা - বাংলাদেশী, এই মর্মে হলফ করিতেছি যে,  
রাজউকের আওতাধীন এলাকার কোথাও পূর্বতন ডি.আই.টি বর্তমানে রাজউক অথবা অন্য কোন সরকারী/আধাসরকারী  
সংস্থা কর্তৃক আমার নিজ নামে কোন আবাসিক জমি, বাড়ী, প্লট বা ফ্ল্যাট বরাদ্দ বা লীজ প্রদান করা হয় নাই।

আমি আরও হলফ করিতেছি যে, প্রদত্ত হলফনামার শর্ত ভঙ্গের কারণে আমার আবেদনপত্র বাতিল করিয়া  
দরখাস্তের সাথে জমাকৃত জামানতের অর্থ বাজেয়াপ্ত করা হইলে এবং প্লট বরাদ্দের পরও অত্র শর্ত ভঙ্গের প্রমাণ পাওয়া  
গেলে বরাদ্দ পত্র বাতিল করিয়া রাজউকের অনুকূলে জমাকৃত সমুদয় অর্থ বাজেয়াপ্ত করা হইলে এমনকি আমার বিরুদ্ধে  
দেওয়ানী ও ফৌজদারী আইনের অধীনে অন্যান্য কার্যক্রম গ্রহণ করিলে আমার কোন আপত্তি থাকিবে না।

উপরোক্ত ঘোষণা আমার জানামতে সম্পূর্ণ সত্য ও নির্ভুল।

হলফকারীর পূর্ণ নাম ও স্বাক্ষর  
তারিখ :


হলফকারী আমার পরিচিত, তিনি আমার  
সম্মুখে স্বাক্ষর করেছেন। আমি তাঁর  
পরিচয় প্রদানকারী।

নোটারী পাবলিক/প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট

এ্যাডভোকেট

বিদেশে বসবাসরত প্রার্থীদের জন্য সংশ্লিষ্ট দেশের নোটারী পাবলিক/  
বাংলাদেশ দূতাবাসের সংশ্লিষ্ট কর্মকর্তার স্বাক্ষর ও সীলমোহর।

# বহুতল ভবনের নির্মিতব্য ফ্ল্যাটের নমুনাছবি



**FLOOR PLAN (One Unit)**  
 AREA PER UNIT = 1250 SFT(Net)